

যুগান্তর

প্রধানমন্ত্রীর সাক্ষাৎ চেয়ে নন-এমপিও শিক্ষকদের গণঅবস্থান

প্রকাশ : ১৬ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

 যুগান্তর রিপোর্ট

স্বীকৃতিপ্রাপ্ত সব প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার দাবিতে আন্দোলনে নেমেছে ‘নন-এমপিও শিক্ষাপ্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী ফেডারেশন’। মঙ্গলবার তারা দাবি বাস্তবায়নের জন্য জাতীয় প্রেস ক্লাবের সামনে গণঅবস্থান কর্মসূচি পালন করে। সেখান থেকে তারা দাবি বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাক্ষাৎ চান।

ফেডারেশনের সভাপতি গোলাম মাহমুদুল্লাহী ডলার বলেন, ‘আমরা শুরু থেকেই দাবি জানাচ্ছি স্বীকৃতি পাওয়া সব প্রতিষ্ঠান এমপিওভুক্ত করার জন্য। বিভিন্ন সময় সরকার যখন প্রতিষ্ঠানগুলোকে স্বীকৃতি দিয়েছে, তখন বলা হয়েছিল এসব প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রী কম। কিন্তু তা নয়, গিয়ে দেখতে পারে। তিনি বলেন, এই প্রতিষ্ঠানগুলো এমপিওভুক্ত না করা পর্যন্ত আমরা এখানে অবস্থান করব। প্রয়োজনে আরও কঠোর কর্মসূচি দেয়া হবে বলে ভুশিয়ারি দেন তিনি। সূত্র জানায়, দেশের বিভিন্ন জেলা-উপজেলা থেকে পাঁচ শতাধিক শিক্ষক অবস্থান কর্মসূচিতে অংশ নিয়েছেন। সেখানে তারা দাবির সমক্ষে বিভিন্ন বক্তব্য তুলে ধরেন।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : মালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।